গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
শৃংখলা শাখা

জরুরি
গোপনীয়

নম্বর: ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৬৫.২১.৩৩৩

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৮
১২ আগস্ট ২০২১

## অফিস আদেশ

জনাব আতিকুর রহমান (পিতা: মো: আবুল কালাম আজাদ), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখলী (সাবেক কর্মস্থল: জেলা সদর হাসপাতাল, নওগাঁ) এর বিরুদ্ধে গত ১৮/০৮/২০২০ খ্রি: তারিখের তত্ত্বা:/হাস/নওগাঁ২০/২৭/৭৬৩ নং স্মারকে তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, নওগাঁ কর্তৃক এ মর্মে অভিযোগ প্রেরণ করা হয় যে, তিনি একজন মাদকাসক্ত এবং সঠিকভাবে দায়িত্ব পালন করেননা। এছাড়া তিনি মেডিকেল অফিসার, সেবা তত্ত্বাবধায়ক ও নার্সিং সুপারভাইজার এর আদেশ পালন করেননা এবং নিজের খেয়াল-খুশিমত চলেন; সহকর্মীদের সাথে অসদাচারণ করেন। সরকারি আদেশ ও সিদ্ধান্ত মানতে চাননা এবং অন্যকেও না মানার জন্য প্ররোচনা দিয়ে থাকেন।

২। উক্ত অভিযোগের প্রেক্ষিতে এ অধিদপ্তর তাকে গত ২৫-১০-২০২০খ্রি: তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৬৫.২০২০, ১৯১ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয় এবং ১৫-১১-২০২০খ্রি: তারিখে তিনি কৈফিয়ত তলবের জবাব দাখিল করেছেন। ২৫-১০-২০২০খ্রি: তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৬৫.২০২০, ১৯২ নং স্মারকে সিভিল সার্জন, নওগাঁ কর্তৃক তার Dope Test করে মাদকাসক্তির সত্যতা নিরূপনের জন্য অনুরোধ করা হয় এবং Dope Test এ তার রিপোর্ট Negative আসে।

৩। তদন্তের জন্য এ অধিদপ্তর কর্তৃক গত ১৩-১২-২০২০খ্রি: তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৬৫.২০২০,২৮৭ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক গত ১৬-০৩-২০২১খ্রি: তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগগুলি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি।

৪। এক্ষণে, জনাব আতিকুর রহমান (পিতা: মো: আবুল কালাম আজাদ), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখলী (সাবেক কর্মস্থল জেলা সদর হাসপাতাল, নওগাঁ) এর কৈফিয়ত তলবের জবাব, তদন্ত প্রতিবেদন ও ব্যক্তিগত নথি নিরীক্ষা, পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগগুলি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি বিধায় তাকে এ অভিযোগ হতে অব্যাহতি প্রদান করত: সঠিকভাবে দায়িত্ব পালনের জন্য তাকে নির্দেশ প্রদান করা হল।

১২-৮-২০২১
বেগম সিদ্দিকা আক্তার
মহাপরিচালক
ফোন: ৪১০৮০৮২০